



ইউজিসি'র ওয়েবলিংকের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষার্থী টিকার নিবন্ধন করতে পারবে

দেশের বিশ্ববিদ্যালয় সকল শিক্ষার্থীদের কোভিড- ১৯ টিকার আওতায় আনার জন্য একটি ওয়েব লিংক চালু করেছে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন। যেসব শিক্ষার্থীর জাতীয় পরিচয়পত্র নেই তারা জন্ম নিবন্ধন সনদের মাধ্যমে এই লিংক ব্যবহার করে কোভিড-১৯ টিকার জন্য নিবন্ধন করতে পারবেন।

ইউজিসি গতকাল বৃহস্পতিবার এই লিংকটি (<https://univac.ugc.gov.bd>) চালু করেছে। যেসব শিক্ষার্থী এখনও টিকার জন্য নিবন্ধন করেনি আগামী ২৭ সেপ্টেম্বরের মধ্যে তারা এই লিংক ব্যবহার করে টিকার নিবন্ধন সম্পন্ন করতে হবে। যেসব শিক্ষার্থীর জন্মনিবন্ধন সনদ নেই তাদেরকে দ্রুতসময়ের মধ্যে জন্মনিবন্ধন সনদ সংগ্রহ করতে আহ্বান জানিয়েছে ইউজিসি। এক্ষেত্রে, সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অগ্রাধিকার ভিত্তিতে শিক্ষার্থীদের জন্মনিবন্ধন সনদ প্রদান করতে অনুরোধ করেছে ইউজিসি।

এ প্রসঙ্গে ইউজিসি সদস্য প্রফেসর ড. সাজ্জাদ হোসেন বলেন, কমিশনের লক্ষ্য আগামী ৩০ সেপ্টেম্বরের মধ্যে দেশের বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষার্থীদের টিকার আওতায় নিয়ে আসা। যেসব শিক্ষার্থী জাতীয় পরিচয়পত্র না থাকার কারণে করোনা ভাইরাসের টিকার নিবন্ধন করতে পারছেন না, তারা ইউনিভ্যাক ওয়েব লিংক ব্যবহার করে নিবন্ধন করতে পারবেন।

আর যেসব শিক্ষার্থীর জাতীয় পরিচয়পত্র আছে তারাও এই লিংক ব্যবহার করে সুরক্ষা এ্যাপের সাথে সংযুক্ত হয়ে টিকার নিবন্ধন করতে পারবে। এই ওয়েব লিংকের মাধ্যমে টিকা গ্রহণকারী ও নিবন্ধনকারী শিক্ষার্থীর সঠিক সংখ্যা জানা যাবে। তিনি আরও বলেন, শিক্ষার্থীদের টিকার নিবন্ধনের তথ্য পাওয়ার পর ইউজিসি স্বাস্থ্য বিভাগকে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করবে।

উল্লেখ্য, আগামী ২৭ সেপ্টেম্বরের মধ্যে সকল শিক্ষার্থীদের টিকা নিবন্ধনের কাজ শেষ হলে বিশ্ববিদ্যালয়সমূহের একাডেমিক কাউন্সিল ও সিল্ডিকেটের সিদ্ধান্ত সাপেক্ষে বিশ্ববিদ্যালয় খুলতে পারবে বলে জানিয়েছে শিক্ষা মন্ত্রণালয়।